

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mora.gov.bd

স্মারক নং-ধবিম/হ:শা:/৪-১৯৬/২০১২ - ১৬৪৬

তারিখ: ৩০ কার্তিক ১৪২৯
১৫ নভেম্বর ২০২২

বিষয়: শুনানীতে অংশগ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মিজাবে রহমত এভিয়েশন (হজ লাইসেন্স নং ১০৩৭) এর বিরুদ্ধে জনাব সাদমান মাহমুদ চৌধুরী কর্তৃক উত্থাপিত অভিযোগের বিষয়ে তদন্ত কমিটি-২ এর আহ্বায়ক জনাব মোহাম্মদ কুদ্দুস আলী সরকার, যুগ্মসচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় এর সভাপতিত্বে আগামী ২১/১১/২০২২খ্রি. তারিখ, সোমবার সকাল ১১.০০ টায় ইসলামিক ফাউন্ডেশন, বায়তুল মোকাররম এর লাইব্রেরি ভবনের ৫ম তলায় শুনানী গ্রহণ করা হবে। শুনানীকালে তাকে লিখিত জবাব ও প্রয়োজনীয় প্রমানকসহ (যদি থাকে) উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

০২। উল্লিখিত তারিখ ও সময়ে শুনানীতে উপস্থিত হতে ব্যর্থ হলে ধরে নেয়া হবে যে, তিনি/তঁার প্রতিষ্ঠানের বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়ে তিনি বা তাঁরা কোন বক্তব্য প্রদান করতে ইচ্ছুক নন।

অভিযোগকারীর নাম ও ঠিকানা	অভিযুক্ত এজেন্সি	অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ
জনাব সাদমান মাহমুদ চৌধুরী মোবা- ০১৯১৪৩৯০১৩০/০১৮৩৩১৮১৮৭২	মিজাবে রহমত এভিয়েশন (হজ লাইসেন্স নং ১০৩৭)	তিনি ও তার শাশুড়ি ২০১৯ সনে প্রাক নিবন্ধন করেন। কিন্তু ২০১৯ এর পরবর্তী বৎসরদ্বয়ের কোভিড এর কারণে বাংলাদেশ থেকে হজ কার্যক্রম বন্ধ থাকায় হজ পালন করা সম্ভব হয়নি। তার শাশুড়ি বয়স্ক হওয়ার কারণে তার পবিত্র কাবা শরীফ ও মদিনা শরীফে নিকটস্থ ফাইভ স্টার হোটেলে থাকার মনস্থ করে এবং সৌদি আরবে মাসাধিক থাকার ও অন্যান্য আনুসঙ্গিক ব্যয়ে হজ এজেন্সি জন প্রতি ১০,১০,০০০/- (দশ লক্ষ দশ হাজার) টাকা খরচ হবে জানান। তারা সম্মত হয়ে প্রাথমিকভাবে ২০ লক্ষ টাকা অগ্রিম প্রদান করে। পরবর্তীতে সরকারের চাহিদা অনুযায়ী ৫৯,০০০/- (উনষাট হাজার) টাকা পরিশোধ করেন। প্রাক নিবন্ধনসহ তারা মোট ৩২,৯৩,০০০/- (বত্রিশ লক্ষ তিরানব্বই হাজার) টাকা পরিশোধ করেন। ২৮/২৯ জুন যেতে চাইলে তাদেরকে অতিরিক্ত হোটেল ভাড়া পরিশোধ করতে হবে। ১৮ জুলাই আসতে হলে জন প্রতি ৭০ হাজার টাকা অতিরিক্ত দিতে হবে। ৭০ হাজার টাকা অতিরিক্ত অর্থ প্রদানে অপারগতায় হজ এজেন্সি ১৮ জুলাই এর কাতার এয়ারলাইন্স ফিরতি টিকেট সংগ্রহ করে যাতে জন প্রতি ২৫ কেজি মালামাল পরিবহন উল্লেখ করতে পারবে। কাতার এয়ারলাইন্স এর চেকিং কালে তাদের অতিরিক্ত ২ কেজি মালামাল বেশি ছিল বিধায় তাদেরকে ১৮৮ সৌদি রিয়াল ব্যয় করতে হয়েছে। যেখানে বাংলাদেশ বিমান অতিরিক্ত ১০০০ সৌদি রিয়াল পরিশোধ করলে বাংলাদেশে ফেরত আসা যায় সেখানে তাদের কাছ থেকে ৩৫,০০০/- টাকা নেয়া হয়েছে।

এস.এম. মনিরুজ্জামান

সিনিয়র সহকারী সচিব

ফোন: ৫৫১০১১১৯

e-mail:morahajsection@gmail.com

জনাব মো: হাম্মুন কবির


স্বত্বাধিকারী, মিজাবে রহমত এভিয়েশন (হজ লাইসেন্স নং ১০৩৭)

Suit# W-5 (15th Floor), Paltan China Town (west Tower),

68 Nayapaltan, Dhaka-1000.

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১. সিস্টেমস এনালিস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mora.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
২. অতিরিক্ত সচিব (হজ) এর ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিঃ, ১২ কারওয়ান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে (www.hajj.gov.bd) প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো)
৪. জনাব সাদমান মাহমুদ চৌধুরী, মোবাইল-০১৯১৪৩৯০১৩০, বাড়ি-৪৯৯, লেন:৯, ডিওএইচএস বারিধারা, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা-১২০৬।
৫. অফিস কপি


এস.এম. মনিরুজ্জামান
সিনিয়র সহকারী সচিব